

প্রকল্প পরিচালকের কার্যালয়
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স স্থাপন প্রকল্প
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

নং : ৩৯.০৩.০০০০.০৫১.০০.০০৫.১৪-১২১


তারিখ : ১৬ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০১৮ খ্রিঃ

বিষয় : চাকরিতে নিয়োগ।

নিয়োগ কমিটির সুপারিশের প্রেক্ষিতে জনাব আবু হোসেন পিতাঃ ওসমান আলী খান, গ্রাম-জয়কৃষ্ণপুর, ডাকঘর-বাহাদুরপুর-৭৭২০, উপজেলা-পাংশা, জেলা-রাজবাড়ী কে সাকুল্য টাকা ১৯,৬০০/- (টাকা উনিশ হাজার ছয়শত) মাত্র বেতনে নিম্নবর্ণিত শর্তে “জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স স্থাপন” শীর্ষক প্রকল্পে সম্পূর্ণ অস্থায়ীভাবে ‘হিসাবরক্ষক’ পদে নিয়োগ করা হলো।

শর্তাবলী :

- ১। শুধু প্রকল্প চলাকালীন সময় পর্যন্ত এ নিয়োগ বলবৎ থাকবে। প্রকল্পের মেয়াদ শেষে এ নিয়োগ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং নিয়োগপত্রই অব্যাহতিপত্র হিসেবে গণ্য হবে।
- ২। পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন সন্তোষজনক না হলে চাকুরি স্বক্রিয়ভাবে অবসান হবে।
- ৩। ০১/০৮/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে তাঁকে কাজে যোগদান করতে হবে, অন্যথা এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ৪। চাকুরি হতে পদত্যাগ করতে চাইলে তাঁকে অন্তত ০১ (এক) মাস পূর্বে নোটিশ দাখিল করতে হবে নতুবা তিনি ০১ (এক) মাসের বেতনের সমপরিমাণ অর্থ ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন।
- ৫। চাকুরিতে যোগদানের সময় তাঁকে-
ক) সিভিল সার্জন, ঢাকা-এর দ্বারা স্বাস্থ্য পরীক্ষা করিয়ে মেডিক্যাল রিপোর্ট দাখিল করতে হবে।
খ) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি দাখিল করতে হবে।
গ) যোগদানকালীন সময়ে প্রদত্ত পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করে দাখিল করতে হবে।
ঘ) চাকুরিতে যোগদানের সময় মূল সনদসমূহ (যাচাইয়ের জন্য) এবং উহার ০১(এক) কপি সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ৬। চাকুরিতে যোগদান উপলক্ষে তিনি কোন দৈনিক ভাতা/ভ্রমণ ভাতা প্রাপ্য হবেন না।
- ৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।


(মোঃ মনজুর রহমান)
প্রকল্প পরিচালক

প্রাপক :

জনাব আবু হোসেন
পিতাঃ ওসমান আলী খান
গ্রাম-জয়কৃষ্ণপুর, ডাকঘর-বাহাদুরপুর-৭৭২০
উপজেলা-পাংশা, জেলা-রাজবাড়ী।

অনুলিপি :-

- ১। মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২। যুগ্ম-প্রধান, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ উপমা আকতার, সহকারী প্রধান, পরিকল্পনা কমিশন, ঢাকা।
- ৩। উপ-সচিব (সংব্য) শাখা-০৫, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিভিল সার্জন, ঢাকা। উল্লিখিত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষাক্রমে তার মেডিক্যাল রিপোর্ট প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।
- ৫। সহকারী প্রধান, শাখা-৮, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। ইন্সপেকশন কর্মকর্তা, নিয়োগপত্রটি জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।